

## সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১১২০

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/৯০. জুমু'আহর সালাতের কিরাআত।

بَابِ مَا جَاءَ فِي الْقِرَاءَةِ فِي الصَّلَاةِ يَوْمَ الْجُمُعَةِ

আরবী

حَدَّتَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّتَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ، عَنْ سَعِيدِ بْنِ سِنَانٍ، عَنْ أَبِي الزَّاهِرِيَّةِ، عَنْ أَبِي عِنَبَةَ الْخَوْلاَنِيِّ، أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - كَانَ يَقْرَأُ فِي الْجُمُعَةِ بِ (سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى) وَ (هَلْ أَتَاكَ حَدِيثُ الْغَاشِيَةِ) .

বাংলা

৩/১১২০। আবূ ইনাবা আল-খাওলানী থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুমুআহর সালাত (নামায/নামাজ) এ সাব্বিহ ইসমা রব্বিকাল আলা সুরাহ এবং হাল আতাকা হাদীসুল গাশিয়াহ সুরাহ পড়তেন।

## **English**

It was narrated from Abu 'Inabah Al-Khawlani that the Prophet (ﷺ) used to recite "Glorify the Name of your Lord the Most High" and "Has there come to you the narration of the overwhelming (i.e., the Day of Resurrection)? [Al-A'la (87) and Al-Ghashiyah (88)] on Friday.

## ফুটনোট

তাহকীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: সহীহ আবী দাউদ ১০২৭, ১০৩০। উক্ত হাদিসের রাবী সাঈদ বিন সিনান সম্পর্কে ইমাম বুখারী, মুসলিম ইবনুল হাজ্জাজ ও আহমাদ বিন সালিহ আল-মিশরী বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। ইয়াহইয়া বিন মাঈন বলেন, কোন সমস্যা নেই। উক্ত হাদিসটি শাহিদ এর ভিত্তিতে সহিহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন